



## Asian Productivity Organization “The APO in the News”

Name of publication: Inquilab (21 September 2015, Bangladesh)

Page no.: 13

# কৃষি উন্নয়ন বিষয়ক জাতীয় কনফারেন্স

স্টাফ রিপোর্টার : এশিয়ান প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এপিও) এবং ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর যৌথ উদ্যোগে রাজধানীর একটি হোটেলে তিনদিনব্যাপী এক জাতীয় কনফারেন্স শুরু হয়েছে। ‘ন্যাশনাল কনফারেন্স অন এনহ্যান্সিং মাস মিডিয়া প্রাকটিশনারস ইন নলেজ ট্রান্সফার টু ইমপ্রুভ এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি’ শীর্ষক সেমিনারের প্রথম দিন গতকাল (রোববার) দেশে কৃষি উৎপাদনশীলতার আধুনিকতা উদ্ভাবন এবং গণমাধ্যমের সক্রিয় ভূমিকা সম্পর্কে আলোচনা করা হয়।

এতে বিশেষজ্ঞ হিসেবে জাপানের চিবা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ইমেরিটাস ড. টয়োকি কোজাই পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে কৃষিতে আধুনিক প্রযুক্তি প্রয়োগের বর্ণনা দেন। দেশের কৃষি উন্নয়নে গণমাধ্যমের গুরুত্ব তুলে ধরে এপিও এর প্রোগ্রাম অফিসার ড. শেখ তানভীর হোসেন বলেন, এটি একটি ন্যাশনাল কনফারেন্স যেখানে গণমাধ্যমে জড়িত সকলে মিলে দেশে কৃষির উৎপাদন বাড়াতে অগ্রণী ভূমিকা পালন করবেন। ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) ড. মোঃ নজরুল ইসলাম বলেন, এটি নিঃসন্দেহে দেশের কৃষি উৎপাদনে ব্যাপক অবদান রাখবে। কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে ন্যাশনাল এনপিও-এর পরিচালক ড. মোঃ নজরুল ইসলাম বক্তব্য রাখেন। অনুষ্ঠানে এপিও সেক্রেটারী জেনারেল মি. মারি আমানো ভিডিও’র মাধ্যমে বক্তব্য প্রদান করেন। কনফারেন্সে গণমাধ্যম এবং কৃষি মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় এবং বেসরকারী সংস্থা হতে ৫০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। গতকাল থেকে শুরু হওয়া কনফারেন্স শেষ হবে আগামী কাল (মঙ্গলবার)। কনফারেন্স শেষে অংশগ্রহণকারীদের সনদ প্রদান করা হবে।